



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘মুক্তিযুদ্ধ ও সাংবাদিকতা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের উদ্যোগে ১২ জুলাই-২০১৮, বুধস্পতিবার সকাল ১১টায় ‘মুক্তিযুদ্ধ ও সাংবাদিকতা’ শীর্ষক সেমিনার কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সেমিনারে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ড. শাহ মোঃ নিসতার জাহান কবীর-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান বক্তব্য প্রদান করেন।

‘মুক্তিযুদ্ধ ও সাংবাদিকতা’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট সাংবাদিক হারুন হাবীবা। প্রবন্ধের উপর আলোকপাত করেন দৈনিক সমাকাল পত্রিকার নির্বাহী সম্পাদক মুস্তাফিজ শফি। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগের সহকারী অধ্যাপক অবন্তী মেহতাজ এবং উপস্থাপনা করেন প্রভাষক মোঃ মিনহাজ উদ্দীন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।